



# সংক্ষিপ্ত মূল্যায়ন বিবরণী

টিপস্ ও ফ্যাক্ট  
সীট

শিক্ষা এবং সম্প্রসারণ এর ক্ষেত্রে সর্বশেষ পদক্ষেপ হচ্ছে মূল্যায়ন। ১. অগ্রগতি মূল্যায়ন এবং ২. উন্নয়নের জন্য সুযোগ সমূহের নির্ণয় করা হচ্ছে এই পদক্ষেপের উদ্দেশ্য। এটি এমন একটি চলমান প্রক্রিয়া বা কোন কাজ বা প্রকল্প পরিচালিত হতে থাকা অবস্থায় অথবা প্রকল্প শেষ হয়ে যাবার পরও প্রয়োজনীয় মূল্যায়নের জন্য ব্যবহৃত হয়। এক্ষেত্রে বিভিন্ন মডেল অনুসরণ করা যেতে পারে।

তবে যে মডেলই অনুসরণ করা হোক না কেন প্রতিটি মডেলেই নিচের চারটি ধাপ অনুসরণ করা হয়ে থাকে:-

ধাপ				
	১. কাজ/মধ্যস্থতা প্রতিক্রিয়া-হাস্যজ্বলতা	২. ব্যক্তিগত অবস্থান শিক্ষন	৩. প্রয়োগ আচরণ পরিবর্তন	৪. প্রভাব বৃহৎ প্রয়োজন
কি মূল্যায়ন অথবা সংগ্রহ করা হলো	অংশগ্রহনকারীদের তৃপ্তি এবং উন্নয়নের জন্য পরামর্শ	ব্যক্তি পর্যায়ে প্রত্যেকের জ্ঞান, দক্ষতা এবং মনোভাবের পরিবর্তন	ব্যক্তি পর্যায়ে কাজের জ্ঞান বা দক্ষতা (ব্যবসা, শিক্ষা প্রতিষ্ঠান)	কৃষকের উৎপাদনে বড় পরিবর্তন সাথে সাথে যাতে সংগঠনের দক্ষতা বা জ্ঞানের পরিবর্তন ঘটে
কিভাবে মূল্যায়ন হলো	কাজ মূল্যায়নের প্রশ্নমালা	শিক্ষা শেষে বা শেষ করার কিছু আগে জরীপ: সাক্ষাৎকার এবং/ অথবা প্রশ্নাবলী	জরীপ: সাক্ষাৎকার এবং/ অথবা প্রশ্নাবলী	সাক্ষাৎকার/প্রশ্নাবলীর সাহায্যে জরীপ পরিচালনা করে প্রাথমিক তুলনা বের করা
কখন মূল্যায়ন হলো	প্রশিক্ষণ চলাকালীন বা প্রশিক্ষণ পরবর্তীতে	প্রশিক্ষণের পূর্বে বা প্রশিক্ষণ সমাপনান্তে	প্রশিক্ষণের ৩-৬ মাস পর	১-৩ বছর

## কিভাবে মূল্যায়ন ব্যবহৃত হয়?

যেহেতু মূল্যায়ন সচরাচর প্রভাবকে পরিমাপের জন্যে ব্যবহৃত হয়, কিন্তু এটি কোন তথ্যের কার্যকারিতার ক্ষেত্রে এবং তথ্য প্রবাহের ক্ষেত্রেও ব্যবহৃত হওয়া উচিত। মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে কোন কিছু শোনার ক্ষেত্রে এবং সেই বিষয়টি অন্যের কাছে বা অন্য স্থানে ব্যবহারের ক্ষেত্রে যাতে যে কেউ নির্ভুলভাবে তথ্যটি দিতে পারে। কৃষক ও উন্নয়নকর্মীদের মধ্যে পারস্পরিক কথাবার্তা থেকেই এই তথ্যসমূহ সংগ্রহ করা হয়:-

১. চলমান/বর্তমান এবং কিছু দিন পর প্রয়োজনীয় চাহিদাসমূহ
২. প্রযুক্তিগত অভিজ্ঞতা এবং
৩. পণ্য যোগান বিষয়ক কাজের অভিজ্ঞতা

এর প্রতিক্রিয়ায়:

১. প্রযুক্তিগত উৎকর্ষতার ক্ষেত্র তৈরী হয়।
২. তথ্যের পরিবহনে উন্নতি ঘটায়
৩. উন্নত যোগান পদ্ধতির উদ্ভাব হয়
৪. নিকট ভবিষ্যতের চাহিদাসমূহ নিয়ে গবেষণা ও নীতি নির্ধারণের ক্ষেত্র তৈরী হয়।



প্রকল্পের প্রভাব নির্ণয় করতে ও কার্যক্ষমতা বাড়াতে  
মূল্যায়ন করুন